

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নং-০৫.০০.০০০০.২০০.১২.০০৪.২০-২১

তারিখ: ২৩ মাঘ ১৪২৬  
০৬ ফেব্রুয়ারি ২০২০


বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ০৮/০৩/২০২০ হতে ১৬/০৫/২০২০ তারিখ মেয়াদে উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণের জন্য ১২৯তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক পূরণপূর্বক আগামী ১৬/০২/২০২০ তারিখ (রবিবার) বিকাল ৫.০০ টার মধ্যে (সফট কপি-it1@mopa.gov.bd-এই মেইলে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। শর্তাবলী:

- (ক) কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে;
- (খ) কোর্স ফি জনপ্রতি ৮০,০০০/- (আশি হাজার) টাকা। কোর্স শুরুর প্রারম্ভে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি স্ব স্ব প্রতিষ্ঠান হতে ক্রসড্ চেক/ব্যাংক ড্রাফটের মাধ্যমে রেকর্ড, বিপিএটিসি, সাভার, ঢাকা রবারব জমা প্রদান করতে হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে অনূর্ধ্ব ৫৬ বছর বয়সী কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- (ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে; এবং
- (চ) বর্ণিত কোর্সের Foreign Exposure Visit অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত হবে।

সংযুক্তি: ছক ০১ পাতা


  
০৬/০২/২০২০  
(মো: আবদুর রউফ মিয়া)  
উপসচিব  
ফোনঃ +৮৮ ০২ ৯৫১৫৫২৫  
ই-মেইলঃ it1@mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.২০০.১৫.০০৪.২০-২১/১(৫০)

তারিখ: ২৩ মাঘ ১৪২৬  
০৬ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব/সচিব.....(অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০২। পরিচালক (পিপিআর), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
০৬/০২/২০২০  
(মো: আবদুর রউফ মিয়া)  
উপসচিব

১২৯তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ অংশগ্রহণের জন্য আবেদন

০১।	নাম	:	
০২।	পরিচিতি নম্বর ও ব্যাচ	:	
০৩।	পদবি ও কর্মস্থল	:	
০৪।	জন্ম তারিখ	:	
০৫।	যে কোর্সে যোগদানে ইচ্ছুক	:	
০৬।	কোর্স শুরুর তারিখে বয়স	:	
০৭।	মোবাইল নম্বর	:	
০৮।	দাপ্তরিক ফোন নম্বর	:	
০৯।	ই-মেইল	:	

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন দানের সুপারিশ করা হলো।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল